



...
দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
...




সভাপতি ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব
সভার তারিখ ২৩/০৬/২০২১
সভার সময় ১০.০০
স্থান কমিশনের সম্মেলন কক্ষ
উপস্থিতি পরিশিষ্ট ক

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতেই গত ২৩/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ৩ নং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টারের লক্ষ্যসমূহ বাস্তবায়নের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়া, সভায় ২০২১-২২ সালের দুর্নীতি দমন কমিশনের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্র. নং	বিষয়/আলোচ্য	সিদ্ধান্ত	বাস্তবায়ন
১	জুম স্লট ক্রয়	কোভিড পরিস্থিতিতে অনলাইনে সভা, প্রশিক্ষণ এবং কর্মশালা আয়োজনের নিমিত্ত ৩০০ ক্যাপাসিটির লাইসেন্স জুম স্লট ক্রয় করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি)
২	অংশীজনের অংশগ্রহণে সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	ত ১৭/০৬/২০২১ তারিখে সচিব, দুদক- এর সভাপতিত্বে অনুষ্ঠিত অংশীজনের অংশগ্রহণে অনলাইন সভার কার্যবিবরণীসহ সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির হার নিরূপণ করে কমিশনের শুদ্ধাচার ফোকাল পয়েন্ট মহাপরিচালক(প্রতিরোধ)- কে প্রেরণ করতে হবে।	পরিচালক (প্রশাসন)
৩	প্রশিক্ষণ আয়োজন	আগামী ২৭ জুন ২০২১ তারিখে সচিবালয় নির্দেশিকা ও দুদক রেকর্ড ম্যানুয়ালের বিষয়ে কর্মকর্তা-কর্মচারীবৃন্দের জন্য একটি প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করতে হবে।	মহাপরিচালক (প্রশিক্ষণ ও আইসিটি) ও পরিচালক (প্রশাসন)
৪	নতুন সজেকা চালু করা	কমিশনের অনুমোদিত ১৪ টি নতুন সমন্বিত জেলা কাযালয় (সজেকা) ক্রমান্বয়ে চালুর উদ্যোগ গ্রহণ করা হবে। তবে জরুরি ভিত্তিতে কক্সবাজারে একটি সজেকা চালুর বিষয়ে দ্রুত পদক্ষেপ নিতে হবে।	মহাপরিচালক (প্রশাসন)
৫	সততা স্টোর স্থাপন	জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরে ১টি সততা স্টোর স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)
৬	সমঝোতা স্মারক ও চুক্তি	ক) পাসপোর্ট অধিদপ্তর, মানবাধিকার কমিশন ও বাংলাদেশ টেলিভিশন প্রভৃতি প্রতিষ্ঠানের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় উদ্যোগ/ব্যবস্থা গ্রহণ করা হবে।	মহাপরিচালক (প্রতিরোধ)

৭	মুজিব কর্নার	দুদকে মুজিব কর্নার স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে। সম্ভাব্য স্থান বাছাই করে মুজিব কর্নার স্থাপনের জন্য পরবর্তী কমিশন সভায় উপস্থাপন করতে হবে।	মহাপরিচালক (প্রতিরোধ) ও মহাপরিচালক (প্রশাসন)
৮	২০২১-২২ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণয়ন	২০২১-২২ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনার নির্ধারিত ছকের কাযক্রম ১. প্রাতিষ্ঠানিক ব্যবস্থা ও ২. আর্থিক ব্যবস্থা উন্নয়ন- এর ৬নং কলাম এবং ৩. শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কাযক্রম সংক্রান্তে মহাপরিচালকগণ তাঁদের লিখিত মতামত মহাপরিচালক (প্রতিরোধ)- এর নিকট প্রেরণ করবেন।	মহাপরিচালক (সকল)

পরিশেষে, উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার পরিসমাপ্তি করা হয়।



ড. মু: আনোয়ার হোসেন হাওলাদার
সচিব


স্মারক নম্বর: ০০.০১.০০০০.৩১০.৩১.০০১.২০.২৯

তারিখ: ১৪ আষাঢ়. ১৪২৮

২৮ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক (সকল), দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২) পরিচালক, পরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), দুর্নীতি দমন কমিশন
- ৩) পরিচালক, পরিচালক (প্রতিরোধ ও গণসচেতনতা-১) (ঢাকা, ময়মনসিংহ, রাজশাহী ও রংপুর), দুর্নীতি দমন কমিশন
- ৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), পরিচালক (এনআইএস এবং আনকাক ফোকাল পয়েন্ট), দুর্নীতি দমন কমিশন
- ৫) সিস্টেম এনালিস্ট, সিস্টেম এনালিস্ট (তথ্য ও প্রযুক্তি সেল), দুর্নীতি দমন কমিশন (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)
- ৬) উপপরিচালক, পরিচালক (জনসংযোগ), দুর্নীতি দমন কমিশন
- ৭) উপপরিচালক (উপসচিব), সুশাসন শাখা, দুর্নীতি দমন কমিশন



এ কে এম সোহেল
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)